যুগান্তর

তারিখ 10 SEP 2007
পৃষ্ঠা ৩ কলাম ৫





যুগান্তর
ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আন্তঃস্কুল ও কলেজ বিজ্ঞান উৎসবের একটি স্টল

# ওয়াইডব্লিউসিএ আন্তঃস্কুল ও কলেজ বিজ্ঞান উৎসব শুরু

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে রোববার দুই দিনব্যাপী 'প্রথম আন্তঃস্কুল ও কলেজ বিজ্ঞান উৎসব-২০০৭' শুরু হয়েছে। এতে রাজধানীর স্বনামখ্যাত ৩০টি স্কুল ও কলেজ অংশ নিয়েছে। উৎসবের প্রথমদিন ক্ষুদে বিজ্ঞানীদের প্রকল্প উপস্থাপন আর গণিত অলিম্পিয়াডের আসর জমজমাট হয়ে ওঠে। দ্বিতীয়দিন আজ কুইজ ও উপস্থিত বক্তৃতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

গ্রিন রোডের ওয়াইডব্লিউসিএ বিদ্যালয়ের ক্যাম্পাসটি রোববার রাজধানীর বিভিন্ন স্থান থেকে আসা শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের পদভারে মুখরিত হয়ে ওঠে। সকাল সাড়ে ৯টায় সরকারি বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠান বিসিএসআইয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. চৌধুরী মাহমুদ হাসান প্রধান অতিথি হিসেবে উৎসবের উদ্বোধন করেন। কলেজের অধ্যক্ষ মঞ্জু বাড়ৈর সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন বিসিএসআইয়ের পরিচালক কাজী আক্তারুজ্জামান। হলিক্রসের উপাধ্যক্ষ রীনা

উৎসব : পৃষ্ঠা ২ : কলাম ৮

## উৎসব : ওয়াইডব্লিউসিএ

(৩য় পৃষ্ঠার পর)

দাশ, ওয়াইডব্লিউসিএ'র সহ-সাধারণ সম্পাদিকা রোলীন্ড বি হালদার, অনুথূতি সিনহা, আমিনুল ইসলাম, আফিফা আব্বাস প্রমুখ এতে বক্তৃতা করেন।

উৎসবে ওয়াইডব্লিউসিএ ছাড়াও ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, হলিক্রস স্কুল এন্ড কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, রাজউক উত্তরা মডেল স্কুল এন্ড কলেজ, নটর ডেম কলেজ, বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজ, সেন্ট যোসেফ কলেজ, সেন্ট গ্রেগরি কলেজ, ইম্পেরিয়াল কলেজ, হারমান মেইনার কলেজ, গ্রিন হেরাল্ড স্কুল, বিসিএসআইর স্কুলসহ ৩০টির বেশি প্রতিষ্ঠান যোগ দেয়।